যুগান্তর

তারিখ 12 OCT 2015
পৃষ্ঠা ১৪ কলাম ১

২০১৫-১৬ শিক্ষাবর্ষ

# ঢাবিতে এমফিলে ভর্তির আবেদনপত্র বিতরণ শুরু ২০ অক্টোবর

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আগামী ২০ অক্টোবর শুরু হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এমফিলে ভর্তির আবেদনপত্র বিতরণ। জমাদান চলবে ১৯ নভেম্বর পর্যন্ত। আগ্রহী প্রার্থীরা রেজিস্ট্রারের অফিসের এমফিল ও পিএইচডি শাখার ৩২৩নং কক্ষ থেকে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন। রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, এসএসসি থেকে স্নাতকোত্তর পরীক্ষা পাসের মূল নম্বরপত্র এবং টাকা জমার ব্যাংক রশিদ দেখিয়ে প্রার্থীকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইন্সটিটিউটের পরিচালকদের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সব পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, ৫শ' টাকা জমার ব্যাংক রশিদের ফটোকপি ও সম্প্রতি তোলা এক কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগের চেয়ারম্যান/ইন্সটিটিউটের পরিচালককে দিয়ে সত্যায়ন করে জমা দিতে হবে। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য না দিলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এমফিল প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীদের চার বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা তিন বছর মেয়াদি স্নাতক সম্মান ও এক বছর মেয়াদি মাস্টার্স ডিগ্রি অথবা দুই বছর মেয়াদি স্নাতক ও দুই বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রিসহ স্নাতক পর্যায়ে ১ বছরের শিক্ষকতা বা গবেষণা প্রতিষ্ঠানে ১ বছরের চাকরি অথবা স্বীকৃতমানের জার্নালে ১টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। প্রার্থীদের সব পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। মাধ্যমিক/সমমান থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যন্ত সব পরীক্ষায় সিজিপিএ-৫ এর মধ্যে ৩.৫ অথবা সিজিপিএ-৪ এর মধ্যে ৩ থাকতে হবে।